



কারও আধিপত্য মেনে নেওয়া হবে না: জামায়াত আমির



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

বিরোধীদলীয় নেতা ও জামায়াতের আমির ডা. শফিকুর রহমান বলেছেন, বিশ্বের সকল সভ্য রাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রক্ষা করতে চান। তিনি জোর দিয়ে বলেন, “আমাদের ঘাড়ের ওপর কারও আধিপত্য আমরা মেনে নেব না। অতীতে যে বোঝা জাতি বহন করেছে, তা আর গ্রহণযোগ্য নয়।”

মঙ্গলবার (১৭ মার্চ) সকালে চীনা দূতাবাসের সহযোগিতায় ঢাকা-১৫ আসনের নিম্ন আয়ের মানুষদের মধ্যে ঈদ সামগ্রী বিতরণ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। তিনি আরও বলেন, যুব সমাজ বুক উঁচু করে বাঁচতে চায় এবং বিশ্বের বুক পরিচয় দিতে চায়। “আমি একজন গর্বিত বাংলাদেশী।

জামায়াত আমির উল্লেখ করেন, অতীতে কিছু দেশ বাংলাদেশকে কিছু না দিয়ে সবকিছু নিজের দখলে নিয়েছে। “কথায় চিড়া ভিজানোর চেষ্টা করেনি তারা; তারা দুধ দিয়ে চিড়া ভিজিয়ে দেখিয়েছে কিভাবে করতে হয়। বিগত ফ্যাসিস্ট শাসনের সময় বাংলাদেশ-চীনের বন্ধুত্বের নিদর্শনও দখল হয়ে গিয়েছিল।”

তিনি বলেন, আল্লাহ তায়ালা চক্ৰিশের গণ-অভ্যুত্থানের মাধ্যমে বাংলাদেশকে সেই দখল থেকে মুক্তি দিয়েছেন। অনেক দেশ এখনো হস্তক্ষেপ করে, কিছু না দিয়ে সবকিছু নিতে চায়, কিন্তু চীন সবসময় সত্যিকারের বন্ধুর মতো পাশে দাঁড়িয়েছে। শফিকুর রহমান আশা প্রকাশ করেন, আগামীতেও চীন বাংলাদেশকে আরও সক্রিয়ভাবে সমর্থন করবে এবং দেশের মানুষের কল্যাণে কাজ চালিয়ে যাবে।